গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
(দুর্যোগ ব্যবস্থাপনা শাখা)
নকলা, শেরপুর

স্মারক নং ঃ ৫১.০১.৮৯৬৭.০১৪.৪১.০০২.২৫- ৮৫২

তারিখ ঃ ০৩ আশ্বিন, ১৪৩২
১৮ সেপ্টেম্বর, ২০২৫

বিষয় ঃ ২০২৫-২০২৬ অর্থ বছরের গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর-নগদ অর্থ) কর্মসূচীর আওতায় ১ম পর্যায়ের বরাদ্দকৃত নগদ টাকা ইউনিয়নওয়ারী উপ-বরাদ্দ প্রদান, প্রকল্প তালিকা ও প্রকল্প বাস্তবায়ন কমিটি দাখিল করণ প্রসঙ্গে।

সূত্র ঃ- দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকার স্মারক নং- ৫১.০১.০০০০.০১২.১৪.০০৪.২৫-৮৬, তারিখ ঃ ০২/০৯/২০২৫খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে ও বর্ণিত সূত্রের পত্রের আলোকে জানানো যাচ্ছে যে, ২০২৫-২০২৬ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি,আর-নগদ অর্থ) কর্মসূচীর আওতায় ১ম পর্যায়ের অত্র উপজেলার জন্য ৮৯,৮৪,৩৯৯.২০/- (উননব্বই লক্ষ চৌরাশি হাজার তিনশত নিরানব্বই দশমিক দুই শূন্য) টাকা বরাদ্দ পাওয়া যায়। বরাদ্দকৃত টাকা হতে সর্বশেষ রক্ষণাবেক্ষণ টি,আর পরিপত্রের ২নং অনুচ্ছেদের খ-উপ অনুচ্ছেদ অনুযায়ী ১৯,৩৭,৩৯৯.২০/- (উনিশ লক্ষ সাঁয়ত্রিশ হাজার তিনশত নিরানব্বই দশমিক দুই শূন্য) টাকা উপজেলা গ্রাএর কমিটির জন্য রিজার্ভ রেখে অবশিষ্ট ৭০,৪৭,০০০/- ( সত্তুর লক্ষ সাতচল্লিশ হাজার) টাকা আদমশুমারী'২০১১ অনুসারে ৫০% জনসংখ্যা, ৫০% আয়তনের ভিত্তিতে নিম্নোক্ত শর্ত মোতাবেক নিম্নে বর্ণিত হারে ইউনিয়নওয়ারী উপ-বরাদ্দ প্রদান করা হলো। উপ-বরাদ্দ অনুযায়ী ইউনিয়ন পরিষদের সভার সিদ্ধান্ত মোতাবেক প্রকল্প গ্রহণ করতঃ সভার কার্যবিবরণী, প্রকল্প তালিকা ও প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) আগামী ২২-০৯-২০২৫খ্রিঃ তর মধ্যে নিম্নস্বাক্ষরকারীর বরাবরে দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | সাধারণ বরাদ্দকৃত টাকার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | গণপদ্দী | ৯,০০,০০০/- | |
| ২ | নকলা | ৮,০০,০০০/- | |
| ৩ | উরফা | ৮,৫০,০০০/- | |
| ৪ | গৌড়দ্বার | ৪,৮৭,০০০/- | |
| ৫ | বানেশ্বরদী | ৬,৭০,০০০/- | |
| ৬ | পাঠাকাটা | ৮,২০,০০০/- | |
| ৭ | টালকী | ৬,৭০,০০০/- | |
| ৮ | চর অষ্টধর | ৯,০০,০০০/- | |
| ৯ | চন্দ্রকোনা | ৯,৫০,০০০/- | |
| | ইউনিয়ন মোট= | ৭০,৪৭,০০০/- | |
| | রিজার্ভ = | ১৯,৩৭,৩৯৯.২০/- | |
| | সর্বমোট = | ৮৯,৮৪,৩৯৯.২০/- | |

শর্তসমূহ ঃ-

১। টি.আর সর্বশেষ নির্দেশিকা ২০২১ অনুসরণ করে প্রকল্প তালিকা, প্রকল্প বাস্তবায়ন গঠন করে উপজেলা কমিটির নিকট অনুমোদনের জন্য ২২-০৯-২০২৫খ্রিঃ মধ্যে প্রেরণ করতে হবে।

২। এ বরাদ্দের অর্থ দিয়ে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান/ধর্মীয়/জনকল্যাণমূলক প্রতিষ্ঠানের ক্ষেত্রে উক্ত প্রকল্পে সংশ্লিষ্ট ইমাম/পুরোহিতকে পিআইসি'র সভাপতি করতে হবে।

৩। প্রতিটি প্রকল্পের বর্ণনাসহ যথাযথ সাইজের সাইনবোর্ড দৃশ্যমান স্থানে বাধ্যতামূলক স্থাপন করতে হবে এবং প্রি-ওয়ার্ক মেজারমেন্ট/প্রাক্কলন ব্যাতীত প্রকল্পের সম্পদ ছাড় করা যাবে না। প্রি-ওয়ার্ক এর ছবি তুলে রাখা, ভিডিও সফটকপি সিডি আকারে সংরক্ষণ করা যাতে কর্মোত্তর জরিপের একটি তুলনা করা সম্ভব হয়।

৪। প্রকল্প সুষ্ঠু বাস্তবায়নে সংশ্লিষ্ট প্রকল্প বাস্তবায়ন কমিটিকে জবাবদিহিতার আওতায় এনে সর্বসাধারণের নিকট তা দৃশ্যমান করতে হবে এবং নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন না হলে দায়ী ব্যক্তিবর্গকে চিহ্নিত করে প্রচলিত বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৫। প্রকল্প বাস্তবায়ন কমিটির সভাপতি ও সেক্রেটারীর ছবি, মোবাইল নম্বর ও জাতীয় পরিচয় পত্রের ফটোকপি প্রকল্প কমিটির সাথে সংযোজন করতে হবে।

১৮/০৯/২০২৫
মোঃ জাহাঙ্গীর আলম
উপজেলা নির্বাহী অফিসার
নকলা, শেরপুর।

প্রাপক ঃ

চেয়ারম্যান/প্যানেল/ইউপি প্রশাসনিক কর্মকর্তা............................ ইউনিয়ন পরিষদ (সকল) নকলা, শেরপুর।

স্মারক নং ঃ ৫১.০১.৮৯৬৭.০১৪.৪১.০০২.২৫- ৮৫২

তারিখ ঃ ০৩ আশ্বিন, ১৪৩২
১৮ সেপ্টেম্বর, ২০২৫

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

১ জেলা প্রশাসক, শেরপুর।
২ জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, শেরপুর।
৩ অফিস কপি।

18.09.2025
মোঃ আনোয়ার হোসেন শামীম
উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
নকলা, শেরপুর।

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
(দুর্যোগ ব্যবস্থাপনা শাখা)
নকলা, শেরপুর

স্মারক নং ঃ ৫১.০১.৮৯৬৭.০১৪.৪১.০০৩.২৫- ৮৫১

তারিখ ঃ ০৩ আশ্বিন, ১৪৩২
১৮ সেপ্টেম্বর, ২০২৫

বিষয় ঃ ২০২৫-২০২৬ অর্থ বছরের গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা-কাবিখা ) কর্মসূচীর আওতায় ১ম পর্যায়ের বরাদ্দকৃত নগদ টাকা ও খাদ্যশস্য ইউনিয়নওয়ারী উপ-বরাদ্দ প্রদান, প্রকল্প তালিকা ও প্রকল্প বাস্তবায়ন কমিটি দাখিল করণ প্রসঙ্গে।

সূত্র ঃ- দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকার স্মারক নং- ৫১.০১.০০০০.০১১.১৪.০০২.২৫-১৩০, তারিখ ঃ ০২/০৯/২০২৫খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে ও বর্ণিত সূত্রের পত্রের আলোকে জানানো যাচ্ছে যে, ২০২৫-২০২৬ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা-কাবিখা) কর্মসূচীর আওতায় ১ম পর্যায়ের অত্র উপজেলার জন্য ১,০৮,৬৮,১৬০.২২/- (এক কোটি আট লক্ষ আটষট্টি হাজার একশত ষাট দশমিক দুই দুই) টাকা, কাবিখা/খাদ্যশস্য চাল-৬৪.৭৭৭১ মেট্রিক টন এবং কাবিখা/খাদ্যশস্য গম-৬৪.৭৭৭১ মেট্রিক টন বরাদ্দ পাওয়া যায়। বরাদ্দকৃত টাকা এবং খাদ্যশস্য চাল ও গম হতে সর্বশেষ কাবিটা-কাবিখা পরিপত্রের ২নং অনুচ্ছেদের খ-উপ অনুচ্ছেদ অনুযায়ী যথাক্রমে ২৩,৯৭,১৬০.২২/-(তেইশ লক্ষ সাতানব্বই হাজার একশত ষাট দশমিক দুই দুই) টাকা এবং ১৫.২৭৭১ মেট্রিক টন (পনের দশমিক দুই সাত সাত এক) মেট্রিক টন চাল ও ১৫.২৭৭১ মেট্রিক টন (পনের দশমিক দুই সাত সাত এক) মেট্রিক টন গম উপজেলা প্রাপ্তর কমিটির জন্য রিজার্ভ রেখে অবশিষ্ট যথাক্রমে ৮৪,৭১,০০০/- (চুরাশি লক্ষ একাত্তুর হাজার) টাকা এবং ৪৯.৫০০ (উনপঞ্চাশ দশমিক পাঁচ শূন্য শূন্য) মেট্রিক টন চাল ও ৪৯.৫০০ (উনপঞ্চাশ দশমিক পাঁচ শূন্য শূন্য) মেট্রিক টন গম আদমশুমারি ২০১১ অনুসারে ৫০% জনসংখ্যা, ৫০% আয়তনের ভিত্তিতে নিম্নোক্ত শর্ত মোতাবেক নিম্নে বর্ণিত হারে ইউনিয়নওয়ারী উপ-বরাদ্দ প্রদান করা হলো। উপ-বরাদ্দ অনুযায়ী ইউনিয়ন পরিষদের সভার সিদ্ধান্ত মোতাবেক প্রকল্প গ্রহণ করতঃ সভার কার্যবিবরণী, প্রকল্প তালিকা, ও প্রকল্প বাস্তবায়ন কমিটি আগামী ২২-০৯-২০২৫খ্রিঃ তর মধ্যে নিম্নস্বাক্ষরকারীর বরাবরে দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | বরাদ্দকৃত টাকার পরিমাণ | বরাদ্দকৃত খাদ্যশস্য (চাল) | বরাদ্দকৃত খাদ্যশস্য (গম) |
|---|---|---|---|---|
| ১ | গণপদ্দী | ১০,৫০,০০০/- | ৬.০০০ মেট্রিক টন | ৬.০০০ মেট্রিক টন |
| ২ | নকলা | ৯,৫০,০০০/- | ৫.৫০০ মেট্রিক টন | ৫.৫০০ মেট্রিক টন |
| ৩ | উরফা | ১০,৫০,০০০/- | ৬.০০০ মেট্রিক টন | ৬.০০০ মেট্রিক টন |
| ৪ | গৌড়দ্বার | ৫,৬১,০০০/- | ৪.০০০ মেট্রিক টন | ৪.০০০ মেট্রিক টন |
| ৫ | বানেশ্বরদী | ৮,০০,০০০/- | ৪.৫০০ মেট্রিক টন | ৪.৫০০ মেট্রিক টন |
| ৬ | পাঠাকাটা | ১০,০০,০০০/- | ৫.৫০০ মেট্রিক টন | ৫.৫০০ মেট্রিক টন |
| ৭ | টালকী | ৮,১০,০০০/- | ৫.০০০ মেট্রিক টন | ৫.০০০ মেট্রিক টন |
| ৮ | চর অষ্টধর | ১১,০০,০০০/- | ৬.৫০০ মেট্রিক টন | ৬.৫০০ মেট্রিক টন |
| ৯ | চন্দ্রকোনা | ১১,৫০,০০০/- | ৬.৫০০ মেট্রিক টন | ৬.৫০০ মেট্রিক টন |
| | ইউনিয়ন মোট= | ৮৪,৭১,০০০/- | ৪৯.৫০০ মেট্রিক টন | ৪৯.৫০০ মেট্রিক টন |
| | রিজার্ভ = | ২৩,৯৭,১৬০.২২/- | ১৫.২৭৭১ মেট্রিক টন | ১৫.২৭৭১ মেট্রিক টন |
| | সর্বমোট = | ১,০৮,৬৮,১৬০.২২/- | ৬৪.৭৭৭১ মেট্রিক টন | ৬৪.৭৭৭১ মেট্রিক টন |

শর্তসমূহ ঃ-

১। কাবিটা/কাবিখা সর্বশেষ নির্দেশিকা ২০২১ অনুসরন করে প্রকল্প তালিকা, প্রকল্প বাস্তবায়ন গঠন করে উপজেলা কমিটির নিকট অনুমোদনের জন্য ২২-০৯-২০২৫ খ্রিঃ মধ্যে প্রেরন করতে হবে।

২। এ বরাদ্দের অর্থ দিয়ে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান/ধর্মীয়/জনকল্যাণমূলক প্রতিষ্ঠানের ক্ষেত্রে উক্ত প্রকল্পে সংশ্লিষ্ট ইমাম/পুরোহিতকে পিআইসির সভাপতি করতে হবে।

৩। প্রতিটি প্রকল্পের বর্ণনাসহ যথাযথ সাইজের সাইনবোর্ড দৃশ্যমান স্থানে বাধ্যতামূলক স্থাপন করতে হবে এবং প্রি-ওয়ার্ক মেজারমেন্ট/প্রাক্কলন ব্যতীত প্রকল্পের সম্পন ছাড় করা যাবে না। প্রি-ওয়ার্ক এর ছবি তুলে রাখা, ভিডিও সফটকপি সিডি আকারে সংরক্ষণ করা যাতে কর্মোত্তর জরিপের একটি তুলনা করা সম্ভব হয়।

৪। প্রকল্প সুষ্ঠু বাস্তবায়নে সংশ্লিষ্ট প্রকল্প বাস্তবায়ন কমিটিকে জবাবদিহিতার আওতায় এনে সর্বসাধারণের নিকট তা দৃশ্যমান করতে হবে এবং নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন না হলে দায়ী ব্যক্তিবর্গকে চিহ্নিত করে প্রচলিত বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৫। প্রকল্প বাস্তবায়ন কমিটির সভাপতি ও সেক্রেটারীর ছবি, মোবাইল নম্বর ও জাতীয় পরিচয় পত্রের ফটোকপি প্রকল্প কমিটির সাথে সংযোজন করতে হবে।

18/09/2025

মোঃ জাহাঙ্গীর আলম
উপজেলা নির্বাহী অফিসার
নকলা, শেরপুর।

প্রাপক ঃ
চেয়ারম্যান/প্যানেল/ইউপি প্রশাসনিক কর্মকর্তা................................ ইউনিয়ন পরিষদ (সকল) নকলা, শেরপুর।

স্মারক নং ঃ ৫১.০১.৮৯৬৭.০১৪.৪১.০০৩.২৫- ৮৫১

তারিখ ঃ ০৩ আশ্বিন, ১৪৩২
১৮ সেপ্টেম্বর, ২০২৫

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

১. জেলা প্রশাসক, শেরপুর।
২. জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, শেরপুর।
৩. অফিস কপি।

18.09.2025

মোঃ আনোয়ার হোসেন শামীম
উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
নকলা, শেরপুর।

CamScanner